দৈনিক সংবাদ

তারিখ 22 DEC 1998
পৃঃ ১ কলাম ১

# কলকাতা বইমেলা উদ্বোধন করবেন শেখ হাসিনা

॥ সালাম জুবায়ের ॥

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী জানুয়ারি মাসের শেষ সপ্তাহে প্রধান অতিথি হিসেবে কলকাতা বইমেলা উদ্বোধন করবেন।

বাংলাদেশের পরম বন্ধু বলে পরিচিত পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সম্প্রতি টেলিফোনে অনুরোধ জানানোর পর শেখ হাসিনা কলকাতা বইমেলার প্রধান অতিথি হিসেবে যেতে রাজি হয়েছেন বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে।

কলকাতা বইমেলার আয়োজক সংগঠন 'পশ্চিমবঙ্গ পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ড'-এর ৩ জন প্রতিনিধি গত নভেম্বর মাসের শেষ সপ্তাহে ঢাকায় এসে আনুষ্ঠানিকভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আমন্ত্রণ জানিয়ে গেছেন।

কলকাতা বইমেলায় বাংলাদেশের অংশগ্রহণ এবং বইমেলার প্রস্তুতি বিষয়ে মেলা কর্তৃপক্ষের সাথে আলোচনা করার জন্য ৪ সদস্যের একটি প্রতিনিধিদল আগামীকাল বুধবার কলকাতা যাচ্ছেন।

সাধারণ মানুষের ব্যাপক অংশগ্রহণের দিক দিয়ে এশিয়ার সবচেয়ে বড় বইমেলা

বইমেলা ঃ পৃঃ ১১ কঃ ২

## বইমেলা ঃ উদ্বোধন করবেন

( ১ম পৃষ্ঠার পর )

হচ্ছে কলকাতা বইমেলা। আর বাংলা ভাষার বইয়ের জন্য বিশ্বের সবচেয়ে বড় বইমেলা এটি।

প্রতিবছর কলকাতা বইমেলায় যেকোন একটি দেশকে 'থিম কান্ট্রি' হিসেবে বেছে নেয়া হয়।

'৯৮ সালের বইমেলার সমাপনী দিবসে '৯৯ সালের বইমেলায় বাংলাদেশকে থিম কান্ট্রি হিসেবে ঘোষণা করা হয়।

কলকাতা বইমেলায় বাংলাদেশের অংশগ্রহণের ব্যাপারে ঢাকার প্রকাশকরা যথাসময়ে ব্যাপক প্রস্তুতি নেয়া শুরু করলেও বছরের মাঝামাঝি এসে বন্যার অজুহাত দেখিয়ে বইমেলায় অংশ না নেয়ার সিদ্ধান্ত নিয়েছিল সংস্কৃতি মন্ত্রণালয়। পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপে বইমেলায় অংশ নেয়ার সিদ্ধান্ত পুনর্বহাল করা হয়।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর ব্যক্তিগত উদ্যোগে কলকাতা বইমেলায় বাংলাদেশের দেয় খরচাদিও না নেয়ার সিদ্ধান্ত নেয় মেলা কর্তৃপক্ষ।

নভেম্বর মাসের শেষ সপ্তাহে 'পশ্চিমবঙ্গ পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ড'-এর সাধারণ সম্পাদক অনিল আচার্যের নেতৃত্বে ৩ সদস্যের একটি প্রতিনিধিদল বইমেলায় বাংলাদেশের অংশগ্রহণ সম্পর্কে সংস্কৃতি মন্ত্রণালয়, জাতীয় গ্রন্থকেন্দ্র ও বাংলা-দেশের নেতৃস্থানীয় প্রকাশকদের সাথে আলোচনা এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আমন্ত্রণ জানানোর জন্য ঢাকায় আসেন।

থিম কান্ট্রি হিসেবে বাংলাদেশ থেকে এবার ব্যাপক সংখ্যায় প্রকাশক, লেখক, শিল্পী বইমেলায় অংশ নিতে কলকাতা যাবেন। এসব বিষয় নিয়ে আলোচনার জন্য জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক পনিরউদ্দিন হায়দারের নেতৃত্বে ৪ সদস্যের একটি সরকারিদল আগামীকাল বুধবার ১ দিনের জন্য কলকাতা যাচ্ছেন। দলের অন্য সদস্যরা হলেন শিল্পী হাশেম খান, স্থপতি-আবৃত্তিকার কাজী আরিফ ও প্রকাশক মফিদুল হক।

প্রধানমন্ত্রীর যাওয়ার সিদ্ধান্ত হলেও তার কর্মসূচি এখনো চূড়ান্ত করা হয়নি। ১১ দিনব্যাপী কলকাতা বইমেলা শুরু হবে আগামী ২৭শে জানুয়ারি।